সমকাল

তারিখ ..24 APR 2016...
পৃষ্ঠা ..১৯.. কলাম ..৬..

বিএফএফ-সমকাল উদ্যোগ



যশোরে অতিথিদের কাছ থেকে সনদ নিচ্ছে চ্যাম্পিয়ন দলের সদস্যরা ■ সমকাল

# 'বিতর্ক শিক্ষার্থীদের জীবন গঠনে সহায়তা করে'

■ যশোর অফিস

বিতার্কিকদের যুক্তিতর্কে গতকাল শনিবার উৎসবমুখর ছিল যশোর বালিকা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণ। 'তর্কে বিতর্কে, বিজ্ঞানের সাথে' স্লোগানে গতকাল যশোরে বিএফএফ-সমকাল চতুর্থ জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগিতার জেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকালে প্রধান অতিথি হিসেবে দিনব্যাপী এ প্রতিযোগিতার উদ্বোধন করেন যশোর মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. আবু হেনা মো. মাহবুব উল মওলা চৌধুরী। এ সময় তিনি বলেন, 'পাঠ্যপুস্তকের পাশাপাশি বিতর্কও শিক্ষার্থীদের জীবন গঠনে সহায়ক হিসেবে কাজ করে। বিশেষ করে বিজ্ঞান শিক্ষায় আমাদের ছেলেমেয়েদের পিছিয়ে থাকার যে কারণ, তা থেকে উত্তরণে জোরালো ভূমিকা রাখতে পারে বিজ্ঞানবিষয়ক বিতর্ক প্রতিযোগিতা।'

## ৪র্থ জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগিতা

যশোরে এ প্রতিযোগিতায় জেলার ৮টি শিক্ষা প্রতিষ্ঠান অংশ নেয়। এর মধ্যে নিজেদের শ্রেষ্ঠ প্রমাণ করে যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়। রানার্সআপ হয় যশোর জিলা স্কুল।

সমকাল সুহৃদ সমাবেশ যশোরের সভাপতি অ্যাডভোকেট আমিনুর রহমান হিরুর সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে লেখক-গবেষক ও সনাক যশোরের সভাপতি এম আর খায়রুল উমাম, যশোর বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রাবণী সুর, প্রতিযোগিতার সমন্বয়ক সমকালের নিজস্ব প্রতিবেদক এসএম তৌহিদুর রহমান, সুহৃদ সমাবেশের সাধারণ সম্পাদক সুকান্ত দাস বক্তব্য রাখেন। অনুষ্ঠান উপস্থাপনা করেন সুহৃদ সমাবেশের সহসভাপতি নবনীতা সাহা। যশোর মেডিকেল কলেজের শিক্ষক ডা. আলাউদ্দিন আল মামুন, শংকরপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল ইসলাম বুলবুল, মাহিদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আজমিলুর রহমান প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রতিযোগতিায় সেরা বিতার্কিক নির্বাচিত হয় চ্যাম্পিয়ন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় দলের দলনেতা ফারজানা

■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## বিতর্ক শিক্ষার্থীদের

[১৯ পৃষ্ঠার পর]

আফরোজ উর্মি। এ দলের অপর দুই বিতার্কিক হলো মারিয়া আশরাফী লাবিবা ও সোহানা আফরোজ প্রমি। রানার্সআপ যশোর জিলা স্কুলের বিতার্কিকরা হলো মো. সামিয়াতুল খান, আশিকুর রহমান ও অশেষ লস্কর। এ দু'দলের সমন্বয়কের দায়িত্ব পালন করেন যশোর জিলা স্কুলের সহকারী শিক্ষক জামাল হোসেন ও সরকারি বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক কাজী শায়লা নার্গিস শাওন।

অংশগ্রহণকারী অন্য দলগুলো হলো যশোর বালিকা মাধ্যমিক বিদ্যালয়, যশোর ওয়েল ফেয়ার একাডেমি, শংকরপুর মাধ্যমিক বিদ্যালয়, মাহিদিয়া মাধ্যমিক বিদ্যালয়, সেবা সংঘ বিদ্যালয় ও নওয়াপাড়া মাধ্যমিক বিদ্যালয়।

পরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে সনদ ও পুরস্কার বিতরণ করেন সুহৃদ সমাবেশের উপদেষ্টা সনাক যশোরের সভাপতি এম আর খায়রুল উমাম।

বিতর্ক প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন অধ্যাপক সুরাইয়া শরীফ, লেখক গবেষক ও সাংবাদিক রুকুনউদ্দৌলাহ্, প্রকৌশলী নাজির আহম্মেদ, এনজিও ব্যক্তিত্ব হাসিব নেওয়াজ, সাংস্কৃতিক কর্মী শুভঙ্কর গুপ্ত শুভ ও সাংবাদিক হাবিবুর রহমান মিলন।